একুশের প্রথম প্রহরে শহিদ মিনারে রাষ্ট্রপতির শ্রদ্ধা



সংগৃহীত ছবি

মহান একুশের সূচনালগ্নে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। রাত ১২টা বাজার আগমুহূর্তে তিনি সেখানে পৌঁছান। পুষ্পস্তবক অর্পণের পর কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে শহীদদের স্মরণ করেন এবং শ্রদ্ধা জানিয়ে প্রস্থান করেন।

রাষ্ট্রপতির পর শহীদ মিনারে আসেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি শহীদ বেদিতে ফুল দিয়ে গভীর সম্মান জানান। নিরবতা পালন শেষে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

রাত ১২টা ১২ মিনিটে প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার সদস্যরা একযোগে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জাতিসংঘ-এর সিদ্ধান্ত অনুযায়ী ২০১০ সাল থেকে প্রতিবছর ২১ ফেব্রুয়ারি বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে।

LENS ASIA